



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ১৪/০৯/২০১৭খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

ইউজিসির সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি

অদ্য ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ সকাল ১০ টায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি বরিশাল বিশ্ববিদ্যালয়ে আসেন। এ সময় তাঁকে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এরপর ট্রেজারার মহোদয় ইউজিসি হতে আগতদেরকে সাথে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড ঘুরে দেখান। পরিদর্শন শেষে তাঁরা উপাচার্য মহোদয়ের কক্ষে এক সাক্ষাতে মিলিত হন। এসময়ে প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি উপাচার্য মহোদয়ের সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ে একটি ল্যঙ্গোয়েজ সেন্টার চালুকরণের সম্ভাব্যতা যাচাই, নতুন বিভাগ স্থাপন, অত্যাধুনিক ল্যাব নির্মাণ, ক্যাম্পাসের চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ড, ইউজিসির চলমান প্রকল্পসহ বিবিধ বিষয়ে আলাপ আলোচনা করেন। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ে আসার জন্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি কে ধন্যবাদ জানান এবং একইসাথে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কে পাশে থাকার আহ্বান জানান। এসময় উপাচার্য মহোদয় প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলির হাতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ হতে প্রকাশিত জার্নালের কপি শুভেচ্ছা স্মারক হিসেবে তুলে দেন। প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলির সাথে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পাবলিক বিশ্ববিদ্যালয় বিভাগের অতিরিক্ত পরিচালক এবং একজন সহকারি পরিচালকও সফর সঙ্গী হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আসেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস